



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

নং প্রকা/এইচআরএমডি-১/৯(১)(২)/২০১৮-২০১৯/৬৩০৭

মহাব্যবস্থাপক  
সকল বিভাগীয় কার্যালয়  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

Phone: ৯৫৫৩৬৩৭  
dgmpd1@krishibank.org.bd  
www.krishibank.org.bd

তারিখ : ২৮.০৪.২০১৯ খ্রি

তাগিদ পত্র-০২

**বিষয়ঃ ব্যাংকে কর্মকর্তা এবং কর্মকর্তা (ক্যাশ) পদে প্রাক-পুলিশ ভেরিফিকেশন ব্যতীত সাময়িকভাবে নিয়োগপ্রাপ্তদের অনুমোদিত সময়ের মধ্যে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ০৮.০১.২০১৯ ও ২৪.০২.২০১৯ খ্রি: তারিখের পত্র নং যথাক্রমে ৩৭৭১ এবং ৪৫৬৮ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বর্ণিত পত্রের মাধ্যমে অত্র ব্যাংকে প্রাক-পুলিশ ভেরিফিকেশন ব্যতীত সাময়িকভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা এবং কর্মকর্তা (ক্যাশ) পদের প্রার্থীদের অনুমোদিত সময়ের মধ্যে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রেরণের জন্য বিভাগীয় কার্যালয় সমূহকে নির্দেশনা প্রদান করা হয়।

০২। বিভাগীয় কার্যালয় সমূহ হতে প্রাপ্ত তথ্য মোতাবেক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহের জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত সময় অতিক্রান্ত হলেও আলোচ্য পদ সমূহে যোগদানকৃত কর্মকর্তাদের মধ্যে অধিকাংশের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট পাওয়া যায়নি। ফলে, সংশ্লিষ্ট কর্মকর্তাদের চাকুরির ধারাবাহিকতা বজায় রাখার ক্ষেত্রে ব্যাংকের পরিচালনা পর্ষদের নির্দেশনা এবং নিয়োগপত্রের শর্ত লংঘিত হচ্ছে। এ বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চরয ক্ষেত্রে ও হতাশা ব্যক্ত করেছেন।

০৩। ব্যাংকের বিভাগান্তর জনবল সংকট বিবেচনায় পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নির্মোক্ষ শর্ত নিয়োগপত্রে উল্লেখ করে আলোচ্য কর্মকর্তা এবং কর্মকর্তা(ক্যাশ) পদের নির্বাচিত প্রার্থীদের প্রাক-পুলিশ ভেরিফিকেশন ব্যতীত সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হয় :

(ক) আলোচ্য কর্মকর্তা পদে জনবল নিয়োগে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে নিয়োগপত্র ইস্যু করতে হবে। তবে ব্যাংকের চাকুরীতে যোগদানের ০৬(ছয়) মাসের মধ্যে তাদের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহ করতে হবে। সম্মতাবজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে এ নিয়োগ নিয়মিত হবে;

(খ) ব্যাংকের প্রকট জনবল স্বল্পতার বিষয়টি বিবেচনায় এনে কর্মকর্তা(ক্যাশ) পদে জনবল নিয়োগে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের বরাবর সাময়িক নিয়োগপত্র ইস্যু করতে হবে। তবে নিয়োগপ্রাপ্তদের ব্যাংকের চাকুরীতে যোগদানের ০৩(তিনি) মাসের মধ্যে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহ করতে হবে। সম্মতাবজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে এ নিয়োগ নিয়মিত হবে;

(গ) যাদের পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে বি঱ুল মস্তব্য পাওয়া যাবে যোগদানের তারিখ হতে তাদের নিয়োগ সরাসরি বাতিল করতে হবে এবং প্রদানকৃত সমূহ আর্থিক সুবিধাদি ক্ষেত্রে দিতে বাধ্য থাকবে যদে নিয়োগপত্রে শর্তাবলোপ করতে হবে। এছাড়াও সকল প্রার্থীর নিকট হতে এতদসংক্রান্ত একটি অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।

(ঘ) যোগদানের সময় প্রার্থীর পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ ভেরিফিকেশনের জন্য নির্ধারিত ফরম প্রার্থী কর্তৃক প্রস্তুত করতে হবে। জমা নিয়ে যোগদানের ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপারের নিকট প্রেরণ করতে হবে।

০৪। আলোচ্য কর্মকর্তা এবং কর্মকর্তা(ক্যাশ) পদে যোগদানকৃত কর্মকর্তাদের মধ্যে যাদের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট অদ্যাবধি পাওয়া যায়নি তাদের বিষয়ে একটি নির্দিষ্ট সময়সীমা উল্লেখপূর্বক নির্মোক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নির্দেশনা প্রদান করেছেনঃ

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে ব্যক্তিগতভাবে নিজ নিজ জেলা/ধান্বন্তি বিভাগের সাথে নিবিড় যোগাযোগ রাখার মাধ্যমে আগামী ০১(এক) মাসের মধ্যে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহের জন্য জরুরী ভিত্তিতে নির্দেশনা প্রদান করতে হবে;

(খ) পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট না পাওয়া কর্মকর্তাদের স্থায়ী ঠিকানা সংযোগিত তালিকা সরবরাহপূর্বক ব্যাংকের সংশ্লিষ্ট এলাকার মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং শাখা ব্যবস্থাপকগণকে এতদ্বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা করার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করতে হবে;

(গ) নির্দেশিত সময়সীমার মধ্যে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট পাওয়া না গেলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের চাকুরির ধারাবাহিকতা বজায় রাখার ক্ষেত্রে নিয়োগপত্রের শর্ত মোতাবেক কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন; এবং

(ঘ) যোগদানকৃত কর্মকর্তা এবং কর্মকর্তা(ক্যাশ) পদের কর্মকর্তাদের মধ্যে কতজনের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহীত হয়েছে, কতজনের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট পাওয়া যায়নি এবং প্রাপ্ত পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের মধ্যে কতজনের বিকল্পে বি঱ুল মস্তব্য পাওয়া গেছে এ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি আগামী ৩০.০৪.২০১৯ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

০৫। এমতাবস্থায়, আপনাদের অধীনস্থ শাখা/কার্যালয় সমূহে ২৬.০৭.২০১৮ তারিখে কর্মকর্তা পদে এবং ১৬.০৯.২০১৮ তারিখে কর্মকর্তা(ক্যাশ) পদে যোগদানকৃত এবং পরবর্তীতে একই পদের প্র্যান্তে যোগদানকৃত কর্মকর্তাদের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহের বিষয়ে উপরোক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে-

আপনার বিশ্বাস

(মোঃ আজিজুল বারী)  
মহাব্যবস্থাপক(প্রশাসন)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। চিফ স্টোফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। স্টোফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। স্টোফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।

০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। নথি/মহানথি।